গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা
www.sunamganj.gov.bd

**নম্বর:** ০৫.৪৬.৯০০০.০০০.০২৩.২১.০০০১.২৬.১৪৩

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩৩ / ০১ আগস্ট ২০২৬

**গণবিজ্ঞপ্তি**

বিষয়: **টাঙ্গুয়ার হাওর ও পার্শ্ববর্তী এলাকায় হাউসবোট/পর্যটকবাহী নৌযান পরিচালনা সংক্রান্ত জরুরি নির্দেশনা এবং নিবন্ধন কার্যক্রম প্রসঙ্গে।**

টাঙ্গুয়ার ও হাকালুকি হাওর সুরক্ষা আদেশ, ২০২৫-এর আলোকে টাঙ্গুয়ার হাওরের পরিবেশ, জীববৈচিত্র্য, প্রতিবেশগত ভারসাম্য ও পর্যটকদের নিরাপত্তা নিশ্চিতকল্পে জেলা প্রশাসন, সুনামগঞ্জ কর্তৃক নিম্নোক্ত নির্দেশনাসমূহ জারি করা হলো। সকল হাউসবোট/নৌযানের মালিক, পরিচালনাকারী, ট্যুর অপারেটর এবং সংশ্লিষ্ট সকলকে অবিলম্বে উক্ত নির্দেশনা প্রতিপালনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১। পরবর্তী নির্দেশনা জারি না হওয়া পর্যন্ত টাঙ্গুয়ার হাওরের ইসিএ (Ecologically Critical Area) ঘোষিত এলাকার অভ্যন্তরে সকল প্রকার হাউসবোট ও পর্যটকবাহী নৌযানের প্রবেশ এবং চলাচল সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

২। হাউসবোট/ নৌযানগুলোতে পর্যটকদের জন্য আচরণবিধি দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে এবং এর প্রতিপালন নিশ্চিত করতে হবে। ট্যুর শুরুর আগেই আচরণবিধি পর্যটকদের কাছে উপস্থাপন করবে।

৩। হাউসবোট/ নৌযানে উচ্চস্বরে গান-বাজনা, মাইক বাজানো ও কোন পার্টি আয়োজন করা যাবে না। এ সংক্রান্ত কোনো তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। হাউসবোট/ নৌযানে একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক বহন সম্পূর্ণভাবে নিষিদ্ধ। প্রতিটি হাউসবোট/ নৌযানে নিরাপদ পানীয় জলের জন্য পানি বিশুদ্ধকারী ফিল্টার রাখতে হবে।

৫। সকল হাউসবোটের দৈর্ঘ্য সর্বোচ্চ ১০০ (একশত) ফুটের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৬। জরুরি প্রয়োজনে ব্যবহারের জন্য প্রয়োজনীয় যোগাযোগ নম্বরসমূহ (জেলা/উপজেলা প্রশাসন, পুলিশ, ফায়ার সার্ভিস, হাসপাতাল ইত্যাদি) পর্যটকদের অবহিত করতে হবে এবং দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।

৭। প্রতিটি হাউসবোট/ নৌযানে পর্যাপ্ত সংখ্যক লাইফ জ্যাকেট, লাইফবয় রিং, অগ্নি-নির্বাপক যন্ত্র সংরক্ষণ করতে হবে এবং গ্যাস সিলিন্ডার ব্যবহারে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৮। পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রতিটি হাউসবোট/ নৌযানে বাধ্যতামূলকভাবে সেপ্টিক ট্যাংক স্থাপন করতে হবে। এছাড়া অন্যান্য বর্জ্য সংরক্ষণের জন্য কমপক্ষে ০২ (দুই)টি ডাস্টবিন রাখতে হবে এবং কোনো ধরনের বর্জ্য হাওর বা জলাশয়ে ফেলা যাবে না।

৯। হাউসবোট/ নৌযানের মালিক ও ট্যুর অপারেটর প্রতিটি ট্যুরে বর্জ্য ব্যবস্থাপনার পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করবে।

১০। দুর্যোগপূর্ণ আবহাওয়ায় পর্যটক পরিবহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। আকস্মিক ঝড়, প্রবল বৃষ্টিপাত বা বজ্রপাতের আশংকাকালীন পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

১১। আগামী ১০ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ **জেলা প্রশাসক, সুনামগঞ্জ** বরাবর তালিকাভূক্তি ও নিবন্ধনের জন্য আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে আবেদন না করলে সংশ্লিষ্ট হাউসবোট/নৌযান/ট্যুর অপারেটরকে পর্যটন কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান করা হবে না এবং প্রচলিত আইন ও বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। আবেদন সংক্রান্ত বিষয়ে নেজারত ডেপুটি কালেক্টর (এনডিসি), সুনামগঞ্জ (মোবাইল: ০১৭৩০-৩৩১১০৬)-এর সাথে যোগাযোগ করা যাবে।

০১-০৮-২০২৬
মোহাম্মদ মিনহাজুর রহমান
জেলা প্রশাসক
ফোন : ০২৯৯৮৮৪২৯০০
ফ্যাক্স : ০২৯৯৬৬০০৯০৪
ইমেইল : dcsunamganj@mopa.gov.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
২। বিভাগীয় কমিশনার, সিলেট।
৩। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।
৫। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ।
৬। জেলা মৎস্য অফিসার, সুনামগঞ্জ।
৭। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ।
৯। উপপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ।
১০। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ।
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, হাউসবোট ওনার্স অ্যাসোসিয়েশন, সুনামগঞ্জ।
১২। সভাপতি/সাধারণ সম্পাদক, ট্যুর অপারেটর অ্যাসোসিয়েশন, সুনামগঞ্জ।
১৩। সম্পাদক, দৈনিক সুনামকণ্ঠ/সুনামগঞ্জের খবর, সুনামগঞ্জ (গণবিজ্ঞপ্তিটি আগামী ৩০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে তাঁর প ত্রিকায় প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
১৪। জনাব..........................................................................................., সুনামগঞ্জ।
১৫। অফিস কপি, মাস্টার ফাইল।